।।ওঁ ব্রহ্ম।।

।।সংক্ষিপ্ত সরস্বতীপূজা প্রয়োগ বিধি।।

শ্রীজয়ন্ত শর্ম্মা **(চক্রবর্ত্তী)** দ্বারা সঙ্কলিত

(কেবল পৌরোহিত্য কর্ম্মে প্রয়োগ হেতু সংকলন করা হইয়াছে ইহা**)**

"বৃহৎ শ্রীহট্টীয় ব্রাহ্মণ সমাজ"

(সামাজিক সংস্থা) দ্বারা সংশোধিত।

বঙ্গাব্দাঃ ১৪৩০, শকাব্দাঃ ১৯৮৫, খৃষ্টাব্দাঃ ২০২৪

।।ওঁ ব্রহ্ম।।

সহযোগিতায়ঃ—
শ্রীযুক্ত রঞ্জিৎ কুমার চৌধুরী। **(**হইলাকান্দি**)**

শ্রীযুক্ত সোমনাথ ভট্টাচার্য্য। **(**করিমগঞ্জ**)**
শ্রীযুক্ত অনুপ শর্ম্মা। **(**করিমগঞ্জ**)**
শ্রীযুক্ত নীলকমল পুরকায়স্থ। **(**করিমগঞ্জ**)**

শ্রীযুক্ত বীরেশ ভট্টাচার্য্য। **(**শিলচর**)**

শ্রীযুক্ত সুশান্ত ব্যানার্জী। **(**কলকাতা**)**
শ্রীযুক্ত পীযূষ চক্রবর্ত্তী। **(**কলকাতা**)**

ধন্যবাদান্তে
"বৃহৎ শ্রীহট্টীয় ব্রাহ্মণ সমাজ"
(বরাক উপত্যকা, আসাম)

।।ওঁ ব্রহ্ম।।

আচমন—

(গোকর্ণাকৃতি দক্ষিণহস্তের ব্রাহ্মতীর্থে ঠোঁটে স্পর্শ পূর্ব্বক জল পান করিয়া নিম্নোক্ত মন্ত্রে আচমন করিবে। আচমন করিবার সময় মুখে শব্দ করা দোষাবহ।।)

—ওঁ বিষ্ণুঃ।। ওঁ বিষ্ণুঃ।। ওঁ বিষ্ণুঃ।।

বিষ্ণুস্মরন—

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।।

প্রোক্ষণ—

ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ।।

—ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরি।।

স্বস্তিবাচন—

(অঙ্গুষ্ঠ-তর্জ্জনী-মধ্যমা যোগে অক্ষত নিয়া নিম্নোক্ত মন্ত্রে তিনবার স্বস্তিবাচন করিবে।।)

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তিনো বৃহস্পতির্দধাতু।।

ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।।

লঘু ভূতাপসারণ—

(অক্ষত হাতে নিম্নোক্ত মন্ত্র একবার পাঠ করিয়া সেই অক্ষত নিজের চতুর্দিকে ছড়াইয়া দিবে।।)

ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বেঃ বৈষ্ণবাস্ত্রেণ তাড়িতাঃ।।

অঙ্গন্যাস/করন্যাস—
"বাং , বীং, বুং, বৈং, বৌং বঃ"
হৃদয়ায় নমঃ/অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ।
শিরসে স্বাহা/তর্জনীভ্যাং স্বাহা।
শিখায়ৈ বষট্/মধ্যমাভ্যাং বষট্।
কবচাভ্যাং হুং/অনামিকাভ্যাং হুং।
নেত্রাভ্যাং বৌষট্/কনিষ্ঠাভ্যাং বৌষট্।
করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।।

জলশুদ্ধি—
(অঙ্কুশমুদ্রায় কোশার জলে তীর্থাহ্বান করিবে।।)
ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

সূর্যার্ঘ্য—
বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকেমাসি, অমুকেপক্ষে, অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকশর্ম্মা অস্মিণ্ কর্ম্মণি এষোঽর্ঘ্যঃ ওঁ কাশ্যপেয়ায় শ্রীসূর্য্যায় নমঃ।।
প্রার্থনা—
ওঁ এহি সূর্য্য সহস্রাংশো, তেজোরাশে জগৎপতে। অনুকম্পয় মাং ভক্তং, গৃহাণার্ঘ্যং দিবাকর।।
ইদং পুনরাচমনীয়োদকং ওঁ কাশ্যপেয়ায় শ্রীসূর্য্যায় নমঃ।।
সূর্য্যের প্রনাম মন্ত্র—
ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্।।

সাক্ষ্যমন্ত্র—
।।ওঁ সিদ্ধিঃ।। (তিনবার)
ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্।।
ওঁ শঙ্খচক্র-ধরং বিষ্ণুং দ্বিভুজং পীতবাসসম্।
প্রারম্ভে কর্মণাং বিপ্রঃ পুণ্ডরীকং স্মরেদ্ধরিম্।।

সংকল্প বাক্য—
(উত্তরমুখ হইয়া দক্ষিণজানু ভূমিতে স্পর্শ করিয়া কুশ-তিল-ফল (হরীতকী)-পুষ্পসহ জলপূর্ণ তাম্রপাত্র বামহস্তে গ্রহণপূর্ব্বক দক্ষিণ হস্তে আচ্ছাদন করিয়া সঙ্কল্প করিবে।।)
—বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকেমাসি, অমুকেপক্ষে, অমুকতিথৌ, অমুকগোত্রস্য সদারাপত্যস্য বা সপরিবারস্য শ্রীঅমুক শর্ম্মণঃ/দাসস্য সরস্বতি-দেবতায়াঃ প্রীতি পূর্ব্বক প্রভূত-বিদ্যালাভকামঃ গুর্বাদি-নানা-দেবতা পূজা পূর্ব্বকং লেখনীমস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজনমহং করিষ্যে।।

সর্ব্বজনীন সংকল্প বাক্য—
বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকেমাসি, অমুকেপক্ষে, অমুকতিথৌ, যথানাম-গোত্রাণাং (এতৎ দ্রবিণো) বা (এতদুপকরণ) দাতৃণাং সরস্বতি-দেবতায়াঃ প্রীতি পূর্ব্বক প্রভূত-বিদ্যালাভকামঃ গুর্বাদি-নানা-দেবতা পূজা পূর্ব্বকং লেখনীমস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজনমহং করিষ্যে।।

সংকল্পসূক্ত—
(তন্ডুল দ্বারা)
ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবং তদু সুপ্তস্য তথৈবৈতি। দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।।
ওঁ সঙ্কল্পিতেঽস্মিন্ কর্ম্মণি সিদ্ধিরস্তু।। (প্রতিবচন-ওঁ অস্তু)
ওঁ তৎসৎ অয়মারম্ভঃ শুভায় ভবতু।। (প্রতিবচন-ওঁ ভবতু)

—এস্থলে পুরোহিতকে বরণ করিতে হয়। বরণ প্রক্রিয়া বিধি অন্তে উল্লেখ করা হইয়াছে।।

যজুর্বেদীয় পঞ্চগব্য শোধনমন্ত্র—

১) গোমূত্র—গায়ত্রী পাঠ করে।।

২) গোময়—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্ । ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপ হ্বয়ে শ্রিয়ম্।।

৩) দুগ্ধ—ওঁ আ প্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে।।

৪) দধি—ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্র ণ আয়ুংষি তারিষৎ।।

৫) ঘৃত—ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানা-মনাধৃষ্টং দেবযজনমসি।।

৬) কুশোদক—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিণোর্ব্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যামাদদে।।

—(তৎপরে পঞ্চগব্যের সকল দ্রব্যাদি আচারাৎ গায়ত্রী পাঠ করিয়া একত্রে মিশ্রিত করিবে।।)

বেদীশোধন—

(নিম্নোক্ত মন্ত্রে পঞ্চগব্য বা গঙ্গাজল দ্বারা বেদীশোধন করিবে।।)

ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্।

যূপেন যূপ আপ্যায়তাং প্রণীতো অগ্নিরগ্নিনা।।

বিতান শোধন (চাঁদোয়া)—

(নিম্নোক্ত মন্ত্রে পঞ্চগব্য বা গঙ্গাজল দ্বারা বিতান-শোধন করিবে।।)

—ওঁ ঊর্দ্ধ ঊ ষু ণ ঊতয়ে, তিষ্ঠা দেবো ন সবিতা।

ঊর্দ্ধো বাজস্য সনিতা যদঞ্জিভিঃ, বাঘদ্ভিঃ-বিহ্বয়ামহে।।

ঘটস্থাপন—

—দেবতার সম্মুখে অষ্টদল পদ্ম অঙ্কন পূর্ব্বক তন্মধ্যে ধান্যপুঞ্জোপরি বা পঞ্চশস্যোপরি ঘট স্থাপন করিয়া, ঘটে পঞ্চরত্ন বা স্বর্ণখণ্ড, ফলপল্লব, অক্ষতসরা, সিঁদুর দ্বারা পুত্তলিকা অঙ্কনাদি সকল কর্ম্ম করিবে।

—তৎপরে দ্বিবস্ত্রাচ্ছাদন এবং দুর্ব্বাক্ষত-পুষ্পাদি দিবে এবং নিম্নোক্ত মন্ত্র সমূহে ঘটস্থাপন করিবে।।

ভূমি—

ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃংহ পৃথিবীং মা হিংসীঃ।।

ধান্য—

ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞম্। ধিনুহি যজ্ঞপতিং ধিনুহি মাং যজ্ঞন্যম্।।

ঘট—

ওঁ আ জিঘ্র কলশং মহ্যা ত্বা বিশ্বন্তিন্দবঃ। পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব সা নঃ সহস্রং ধুক্ষোরুধারা পয়স্বতী পুনর্মা বিশতাদ্রয়িঃ।।

জল—

ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভ-সর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋতসদন্যসি, বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদন মা-সীদ।।

পল্লব—

ওঁ ধন্বনা-গা ধন্বনাজিং জয়েম ধন্বনাঃ তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি ধন্বনা সর্ব্বাঃ প্রদিশো জয়েম।।

ফল—

ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ, বৃহস্পতি প্রসূতা-স্তা নো মুঞ্চন্ত্বং-হসঃ।।

সিন্দুর—

ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী কাষ্ঠা ভিন্দন্নুর্ম্মিভিঃ পিন্বমানঃ।।

পুষ্প—

ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা-বহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুং্ম ইষাণ সর্ব্ব লোকংম ইষাণ।।

বস্ত্র—

ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আ গাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ।।

ঘট স্পর্শ পূর্ব্বক বা করপুটে পাঠ্য—
ওঁ সর্ব্ব-তীর্থোদ্ভবং বারি সর্বদেব-সমন্বিতম্।
ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবিগণৈঃ সহ।।
স্থাং স্থীং স্থীরো ভব বীড্বঙ্গ আশুর্ভব বাজ্যর্ব্বন্।
পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ।।

সামান্যার্ঘ্য স্থাপন—

—চিত্রানুযায়ী মণ্ডল অঙ্কন করিয়া তাহাতে গন্ধপুষ্পে অর্চনা করিবে।।
—ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ।।
—তদন্তর "ফট্" মন্ত্রে কোশা ধৌত করিয়া মণ্ডলোপরি স্থাপন পূর্ব্বক "নমঃ" মন্ত্রে জল দ্বারা কোশা পূর্ণ করিবে।।

—তৎপরে কোশার অগ্রভাগে অর্ঘ্য সাজাইয়া, অঙ্কুশমুদ্রায় অর্ঘ্যের জল স্পর্শ পূর্ব্বক (নখস্পর্শ নিষেধ) নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।।

—ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি,
নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

জল শোধনান্তে “ওঁ” বলিয়া জলে গন্ধপুষ্প দিবে এবং “বং” মন্ত্রে ধেনুমুদ্রায় অমৃতিকরণ এবং মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করিয়া (৮)-আটবার "ওঁ" প্রণব জপ করিবে।।

অঙ্কুশমুদ্রা

কূর্ম্মমুদ্রা

মৎস্য মুদ্রা

(ততো অর্ঘ্যজল পূজার সকল দ্রব্যাদির উপর ও নিজ মস্তকে সামান্য পরিমাণে ছিটাইবে।।)

বিস্তারিত দ্বারদেবতাদিপূজা—
(প্রথমতঃ দ্বারদেশ স্যান্যার্ঘ্যের জলদ্বারা "ফট্" মন্ত্রে প্রোক্ষণ করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ" মন্ত্রে একটি গন্ধপুষ্প দ্বারে নিক্ষেপ করিবে।।)
পঞ্চমুদ্রায় আবাহন—
ওঁ দ্বারদেবতা ইহাগচ্ছত-ইহাগচ্ছত, ইহতিষ্টত-ইহতিষ্টত,
ইহসন্নিধত্ত, ইহসন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত, মম পূজাং গৃহ্নিত।।
দ্বারে পূজা—
এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ।।
ঊর্দ্ধ শাখায়—
এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্নায় নমঃ।। (মধ্যে)
এতে গন্ধপুষ্পে ওঁ মহালক্ষ্ম্যৈ নমঃ।। (তস্য দক্ষিণাংশে)
এতে গন্ধপুষ্পে ওঁ সরস্বত্যৈ নমঃ।। (তস্য বামাংশে)
দক্ষিণ শাখায়—
এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্নায় নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ গঙ্গায়ৈ নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ যমুনায়ৈ নমঃ।।
বাম শাখায়—
এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালায় নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ গঙ্গায়ৈ নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ যমুনায়ৈ নমঃ।।
অধঃ শাখায়—
এতে গন্ধপুষ্পে ওঁ অস্ত্রায় নমঃ।।
নৈঋতে—
এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় নমঃ।।

সংক্ষিপ্ত দ্বারদেবতাদিপূজা—

গন্ধপুষ্প দ্বারা "এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ" এই মন্ত্রে পূজাগৃহের দ্বারদেশে নিক্ষেপ করিবে।
তৎপরে "এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ" এবং "এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় নমঃ" বলিয়া পূজা করিবে।।

বিঘ্নাপসারণ—

"ঐং" বীজোচ্চারণ সহ উর্দ্ধেনেত্রপাত করিবে।।
"অস্ত্রায় ফট্" মন্ত্রে নিজের চতুর্দিকে জল ক্ষেপন করিবে।।
" ফট্ " মন্ত্রে বামপদের গুড়ালি দ্বারা ভূমিতে বারত্রয় আঘাত করিবে।।

ভূতাপসারণ—

(দক্ষিণ হস্তে নারাচমুদ্রায় আতপ তন্ডুল নিয়া তাহাতে সাতবার "ওঁ অস্ত্রায় ফট্" জপান্তে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া নিজের চতুর্দিকে ছড়াইয়া দিবে।।)

মন্ত্র—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।।
—ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অপসর্পন্তু তে সর্ব্বেঃ নারসিংহেন তাড়িতাঃ।।

আসন শুদ্ধি—

(নিজে বসিবার আসনের নিচে একটি অধোমুখি ত্রিকোণ মণ্ডল অঙ্কন করিয়া, আসনোপরি "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তি-কমলাসনায় বা কুশাসনায় নমঃ" মন্ত্রে গন্ধপুষ্প দিয়া, অসন স্পর্শ পূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।।)
—আসন-মন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কুর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।।

করজোড়ে মন্ত্র পাঠ—

—ওঁ পৃথ্বী ত্বয়া ধৃতা লোকা দেবী ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয়   মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্।।
গুরুপংক্তি প্রণাম—
বামে—ওঁ গুরুভ্যো নমঃ ! ওঁ পরমগুরুভ্যো নমঃ ! ওঁ পরাপরগুরুভ্যো নমঃ।।
দক্ষিণে—ওঁ গণেশায় নমঃ।। মধ্যে—ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

পুষ্পশুদ্ধি—
(পুষ্প স্পর্শ করে পাঠ করিবে।।)
ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে পুষ্পচয়াবকীর্ণে চ হূঁ ফট্ স্বাহা।।

করশুদ্ধি—
একটি সচন্দন রক্তবর্ণ পুষ্প নিয়ে 'ফট্' মন্ত্রে করদ্বয়ে পেষণ পূর্ব্বক পুষ্পটির ঘ্রাণ গ্রহন করিয়া ঈশানকোণে নিক্ষেপ করিবে।।

দিগ্বন্ধন–
"ফট্" মন্ত্রে শিরোপরি (ঊর্দ্ধোর্দ্ধতালত্রয়ং) ত্রিতালি এবং তুড়ি দ্বারা দশদিক বন্ধন করিবে।।

গুরুপূজা—
কূর্ম্মমুদ্রায় পুষ্পহাতে ধ্যান—
ওঁ ধ্যায়েচ্ছিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুম্
শ্বেতাম্বর-পরিধানং শ্বেতমাল্যানুলেপনম্।
বরা-ভয়করং শান্তং করুণাময়-বিগ্রহম্।।
বামেনোৎপলধারিণ্যা শক্ত্যালিঙ্গিত-বিগ্রহম্।
স্মেরাননং সুপ্রসন্নং সাধকাভীষ্টদায়কম্।।
পূজা—
এষ-গন্ধঃ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।।
(ইদং-পুষ্পম্,এষ-ধূপঃ,এষ-দীপঃ, ইদং-নৈবেদ্যম্।।)

প্রণাম—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎ পদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
ওঁ গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুঃ গুরুর্দেব মহেশ্বরঃ।
গুরুঃ সাক্ষাৎ পরম্ ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ।।

গণেশের পূজা—

("এতে গন্ধপুষ্পে ওঁ গণপতয়ে নমঃ" মন্ত্রে একটি সচন্দনপুষ্প গণেশের উদ্দেশ্যে দিয়া ধ্যান ও আবাহন করিয়া পূজা করিবে।।)

কূর্ম্মমুদ্রায় ধ্যান—

ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং
প্রস্যন্দন্মদগন্ধ-লুব্ধ-মধুপব্যালোল-গণ্ডস্থলম্
দন্তাঘাতবিদারিতারি-রুধিরৈঃ সিন্দূর-শোভাকরং
বন্দে শৈলসুতা-সুতং গণপতিং সিদ্ধিপ্রদম্ কামদম্।।

পঞ্চমুদ্রায় আবাহন—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ ভগবন্ গণপতে ইহাগচ্ছ-ইহাগচ্ছ, ইহতিষ্ঠ-ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ্।।

পূজা মন্ত্র—

এষ-গন্ধঃ ওঁ গং গণপতয়ে নমঃ।।
(ইদং-পুষ্পম্, এষ-ধুপঃ, এষ-দীপঃ, ইদং-নৈবেদ্যম্।।)

প্রনাম মন্ত্র—

ওঁ সর্ববিঘ্ন বিনাশায় সর্বকল্যাণ হেতবে।
পার্বতী প্রিয় পুত্রায় গণেশায় নমো নমঃ।।
ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননম্।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্।।

বিস্তারিত শিবাদিপঞ্চদেবতার পূজা—

(গণেশের পূজাক্রম অনুযায়ী সকল দেবতাকেই "ওঁ অমুক দেবতায়ৈ নমঃ" মন্ত্রে একটি গন্ধপুষ্পে অর্পন পূর্ব্বক ধ্যান—আবাহন করিয়া পূজা করিবে।।)

(১) শিবের ধ্যান**—**

ওঁ শিবং শ্বেতবর্ণং দ্বিভুজং দক্ষিণহস্তেন বরদং বামহস্তেন ত্রিশূলং জটিলং ত্রিনেত্রং ভস্মোভূষিতাঙ্গং ব্যাঘ্রচর্মপরিধানং চন্দ্রচূড়ম্।।

প্রনাম মন্ত্র**—**

ওঁ নমস্তুভ্যং বিরুপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে,
নমঃ পিণাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ।
নমস্ত্রিশূল-হস্তায় দণ্ড-পাশাসিপাণয়ে,
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ।।

(২) ভাস্করের ধ্যান**—**

ওঁ রক্তাম্বুজাসন-মশেষ-গুণৈক-সিন্ধুং ভানুং সমস্ত জগতামধিপং ভজামি। পদ্মদ্বয়া-ভয়রবান দধতং করাব্জৈর্মাণিক্য-মৌলিমরুণাঙ্গ-রুচিং ত্রিনেত্রম্।।

ভাস্করের প্রনাম মন্ত্র**—**

ওঁ ভাস্করং রক্ত বর্ণঞ্চ অরুণ যস্য সারথ্যম্।
সপ্তাশ্ব-রথমারুঢ়াং নমামি সর্ব্ব সিদ্ধিদাম্।।
ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্।।

(৩) অগ্নির ধ্যান**—**

ওঁ দ্বিমুখঞ্চৈক-হৃদয়ং চতুঃশ্রোত্রং দ্বিনাসিকম্।
দ্বিশীর্ষকঞ্চ ষণ্নেত্রং পিঙ্গলং সপ্তজিহ্বকম্।।
সব্যভাগে ত্রিহস্তঞ্চ চতুর্হস্তঞ্চ দক্ষিণে।
শ্রুকশ্রুবৌ-চাক্ষমালা, চ যা শক্তির্দক্ষিণেকরে।।
ত্রিমেখলং ত্রিপাদঞ্চ ঘৃতপাত্রং দ্বিচামরম্।
মেষারুঢ়ং চতুঃশৃঙ্গং বালাদিত্য-সভপ্রভম্।
উপবীত-সমাযুক্তং জটাকুণ্ডল-মণ্ডিতম্।।

প্রণাম**—**

ওঁ নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে মখেশ্বরাণাং মখতামুপেয়ূষে।

চরা-চরাণাং জঠরেষু সংস্থিতে ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে।।

(৪) কেশবের ধ্যান**—**
ওঁ নীলোৎপলদল-শ্যামং সূর্যকোটি সমপ্রভং ।
শঙ্খচক্র-গদাপদ্মো পশোভিতং লক্ষ্মী-সরস্বতী যুক্তং গরুড়োপরি সংস্থিতম্।।
প্রনাম মন্ত্র**—**
ওঁ ত্রৈলোক্য পূজিত শ্রীমন্ সদা-বিজয়বর্দ্ধনঃ।
শান্তিং কুরু গদাপানে নারায়ণ নমঽস্তুতে।।
ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ-হিতায় চ
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।।

(৫) কৌশিকীর ধ্যান মন্ত্র**—**
ওঁ গৌরাঙ্গীং শশীশেখরাং ত্রিনেত্রাঞ্চ হসন্মুখীম্ ।
সিংহারুঢ়াম্ মহাদেবীং দিগ্বাহুভির্বিরাজিতাম্ ।।
ত্রিশূলকর-বানঞ্চ শঙ্খং চক্রং শরং ক্রমাৎ ।
শক্তিঞ্চ খেটকং চাপং পাশমঙ্কুশ-মুর্দ্ধতঃ ।।
দধ্যনাং বহুভিঃ সর্বৈঃ পীড়িতাং মহিষাসুরম্ ।
ত্রিভঙ্গ-স্থান-সংস্থানাং দুষ্টদানব নাশিনীম্ ।।
(ওঁ সাঽহম্)
প্রণাম মন্ত্র**—**
ওঁ হরপ্রিয়ে মহাভাগে ভক্তি-মুক্তি জয়প্রদে।
শঙ্করি জ্ঞানদে দুর্গে মহাদেবি নমোঽস্তু তে।।
ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকেগৌরি নারায়ণি নমোঽস্তু তে।।

একত্রে শিবাদিপঞ্চদেবতার পূজা**—**
(প্রথমতঃ "এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদি- পঞ্চদেবতাভ্যো নমঃ" মন্ত্রে গন্ধপুষ্প দিয়া আহ্বান পূর্ব্বক পঞ্চোপচারে পূজা করিবে।।**)**

আবাাহন (পঞ্চমুদ্রাযোগে)—
ওঁ শিবাদিপঞ্চদেবতা ইহাগচ্ছত-ইহাগচ্ছত, ইহতিষ্ঠত-ইহতিষ্ঠত,
ইহসন্নিধত্ত, ইহসন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং করুত, মম পূজাং গৃহ্ণিত।।
পঞ্চোপচারে পূজা—
এষ-গন্ধঃ ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ।।

একত্রে নবগ্রহাদি অর্চনা—
এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ ইষ্ট দেবতায়ৈ নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ গৃহ দেবতাভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যোদেবেভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যোদেবীভ্যো নমঃ।।

সংক্ষিপ্ত ভূতশুদ্ধি—

চিত্র : প্রার্থনামুদ্রা

—(নাভির উপরিভাগে বামহস্তোপরি দক্ষিণহস্ত চিৎভাবে স্থাপন পূর্ব্বক মন্ত্র পাঠ করিবে।।)
—ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরম-শিবপদে যোজয়ামি স্বাহা ।।১।।
ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা ।।২।।
ওঁ রং সংঙ্কোচশরীরং দহ দহ স্বাহা ।।৩।।
ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূল-শৃঙ্গাটমুল্ল -সোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল সোঽহং হংসঃ স্বাহা ।।৪।।
—(উক্তমন্ত্র পাঠান্তে পূজক স্বয়ং পূজনীয় দেবতায় রূপান্তরিত হইয়াছেন এরূপ দৃঢ় ভাবনা করিতে হইবে।।)

মাতৃকান্যাস—
(জোড়হাতে পাঠ করিবে।।)
—ওঁ অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্ম ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ দেবী মাতৃকা সরস্বতী দেবতা। হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ অব্যক্তং কীলকং সর্বাভীষ্টসিদ্ধয়ে মাতৃকান্যাসে বিনিয়োগঃ।।

—(তত্ত্বমুদ্রায় যথাস্থানে স্পর্শ পূর্বক করে পাঠ করিবে।।)

মস্তকে—ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ।। মুখে—ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ।। হৃদয়ে—ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ।।
মূলাধারে—ওঁ হলভ্যো বীজেভ্যো নমঃ।।
পাদদ্বয়ে—ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ।। সর্বাঙ্গে—ওঁ অব্যক্তকীলকায় নমঃ।।

করন্যাস—
উভয় হাতের অঙ্গুষ্ঠদ্বয়ে—অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ।।
তর্জ্জনীদ্বয়ে—ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা।
মধ্যমাদ্বয়ে—উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্।।
অনামিকাদ্বয়ে—এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং।।
কনিষ্ঠাদ্বয়ে—ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্।।
হস্তপৃষ্ঠ স্পর্শ পূর্ব্বক করতলে তালি—অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।।

অঙ্গন্যাস—
বক্ষঃস্থলে—অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ।।
মস্তকে—ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা।।
শিখায়—উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্।।
কবচদ্বয়ে—এং তং থং দং ধং নং ঐং কবচাভ্যাং হুং।।
নেত্রদ্বয়ে—ওং পং ফং বং ভং মং ঔং নেত্রাভ্যাং বৌষট্।।

হস্তপৃষ্ঠ স্পর্শ পূর্ব্বক করতলে তালি—অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।।

পীঠন্যাস—

(উপরোক্ত তত্বমুদ্রায় যথাস্থানে স্পর্শ পূর্ব্বক ন্যাস্ করিবে।।)

হৃদয়ে—

ওঁ আধারশক্তয়ে নমঃ। ওঁ প্রকৃত্যৈ নমঃ। ওঁ কুর্ম্মায় নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ। ওঁ শ্বেতদ্বীপায় নমঃ। ওঁ মণিমণ্ডপায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ মণিবেদিকায়ৈ নমঃ। ওঁ রত্নসিংহাসনায় নমঃ।।

দক্ষিণস্কন্ধে—ওঁ ধর্ম্মায় নমঃ।

বামস্কন্ধে—ওঁ জ্ঞানায় নমঃ।

বামোরুমূলে—ওঁ বৈরাগ্যায় নমঃ।

দক্ষিণোরুমূলে—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ।

মুখে—ওঁ অধর্ম্মায় নমঃ।

বামপার্শ্বে-ওঁ অজ্ঞানায় নমঃ।

নাভৌ—ওঁ অবৈরাগ্যায় নমঃ।

দক্ষিণপার্শ্বে—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ।।

পুনহৃদয়ে—

ওঁ অনন্তায় নমঃ। ওঁ পদ্মায় নমঃ।

অং অকর্মণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ।

উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ।

মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।

সং সত্বায় নমঃ। রং রজসে নমঃ। তং তমসে নমঃ।

আং আত্মনে নমঃ। অং অন্তরাত্মনে নমঃ।

পং পরমাত্মনে নমঃ। হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

ওঁ মেধায়ৈ নমঃ। ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ। ওঁ প্রভায়ৈ নমঃ। ওঁ বিদ্যায়ৈঃ নমঃ। ওঁ শ্রিয়ৈ নমঃ। ওঁ ধৃত্যৈ নমঃ। ওঁ স্মৃত্যৈ নমঃ। ওঁ বুদ্ধ্যৈ নমঃ।।

মধ্যে—ওঁ বিদ্যেশ্বর্য্যৈ নমঃ।। তদুপরি—ওঁ বর্ণকমলাসনায় নমঃ।।

সংক্ষিপ্ত পীঠন্যাস্—
ওঁ পীঠদেবতাভ্যো নমঃ।। ওঁ পীঠশক্তিভ্যো নমঃ।।

প্রাণায়াম্—
(অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসারন্ধ্র টিপিয়া প্রণব বা মূল মন্ত্র ৪ বার জপের মাধ্যমে বাম-নাসারন্ধ্রে শ্বাস গ্রহণ করিবে ও ১৬ বার জপের মাধ্যমে অঙ্গুষ্ঠ-তর্জ্জনী দ্বারা উভয় নাসারন্ধ্র টিপিয়া কুম্ভক করিবে, তৎপরে তর্জ্জনী দ্বারা বাম নাসারন্ধ্র টিপিয়া ৮ বার জপের দ্বারা দক্ষিণ নাসারন্ধ্রে শ্বাস ত্যাগ করিবে-----
দ্বিতীয়বার বাম নাসারন্ধ্র হইতে আরম্ভ করিবে এবং তৃতীয়বার প্রথম বারের মতোই করিলে প্রাণায়াম হইয়া থাকে।।)—৪/১৬/৮

ঋষ্যাদিন্যাস—
(হাতজোড় করে পাঠ) "ঐং" ইত্যস্য মন্ত্রস্য কণ্বঋষির্বিরাড় গায়ত্রীচ্ছন্দো বাগীশ্বরী দেবতা মম সর্ব্বাভীষ্টসিদ্ধর্থ্যে শ্রীসরস্বতীপূজনে বিনিয়োগঃ।।
পুষ্পহেতে নিম্নোক্ত মন্ত্রে যথাস্থানে স্পর্শ করিবে—
ওঁ কণ্বঋষয়ে নমঃ। (শিরে)
ওঁ বিরাড়-গায়ত্রীছন্দসে নমঃ। (মুখে)
ওঁ বাগীশ্বর্য্যৈ দেবতায়ৈ নমঃ।। (হৃদয়ে)

করন্যাস/অঙ্গন্যাস—
(পুং দেবতার অগ্রে অঙ্গন্যাস্ পরে করন্যাস্—এবং স্ত্রী দেবতার অগ্রে করন্যাস্ পরে অঙ্গন্যাস্ করার বিধান।।)
সাং, সীং, সূং, সৈং, সৌং, সঃ।।
অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ/হৃদয়ায় নমঃ।
তর্জনীভ্যাং স্বাহা/শিরসে স্বাহা।
মধ্যমাভ্যাং বষট্/শিখায়ৈ বষট্।
অনামিকাভ্যাং হুং/কবচায় হুং।

কনিষ্ঠাভ্যাং বৌষট্/নেত্রাভ্যাং বৌষট্।
করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।।

ব্যাপকন্যাস্—
মূলমন্ত্রে—পাঁচবার দুই হাতে মাথা থেকে পা পর্যন্ত এবং পা থেকে মাথা পর্যন্ত মার্জনা করিলে ব্যাপকন্যাস হইয়া থাকে।।

সরস্বতীর ধ্যান—

কূর্ম্মমুদ্রা

—(কূর্ম্মমুদ্রায় একটি চন্দনযুক্ত শ্বেত বা হরিদ্রা বর্ণের পুষ্প নিয়া ধ্যান করিবে।।)
—ওঁ তরুণশকল-মিন্দোর্ব্বিভ্রতী শুভ্রকান্তিঃ
কুচভরনমিতাঙ্গী-সন্নিষণ্ণাসিতাব্জে।
নিজকর-কমলোদ্যল্লেখনী পুস্তকশ্রীঃ
সকলবিভব-সিদ্ধ্যৈ পাতু বাগ্দেবতা নঃ।। (ওঁ সাঽহম্)

মানসপূজা—
(ধ্যানান্তে হাতের পুষ্পটি "ওঁ সোঽহম্" উচ্চারণ পূর্ব্বক মস্তকে স্থাপন করিয়া পদ্মাসনে বসিয়া মানসপূজা করিবে।।)
—নিজের হৃদয়কে দেবতার আসন কল্পনা করিয়া সেই আসনে দেবতাকে আহ্বান পূর্ব্বক অধিষ্ঠান করাইবে।।
সহস্রদলকমল-নিঃসৃত সুধারূপ পাদ্য।। মনোরূপ অর্ঘ্য।। পুনঃ সহস্রদলকমল-নিঃসৃত সুধারূপ আচমনীয় ও স্নানীয়।। আকাশতত্ত্বরূপ বসন।। ক্ষিতিতত্ত্বরূপ গন্ধ।। চিত্তরূপ পুষ্প।। প্রাণরূপ ধূপঃ।। তেজতত্ত্ব রূপ দীপঃ।। সুধাসমুদ্র-রূপ নৈবেদ্য।।
পুনঃ সহস্রদলকমল-নিঃসৃত সুধারূপ আচমনীয় ও পানীয় নিবেদন করিবে।।

বিশেষার্ঘ্য স্থাপন—

স্ববামে অধোমুখি ত্রিকোণ মণ্ডল করিয়া তদুপরি ত্রিপদিকা যুক্ত শঙ্খ, শুদ্ধ জলে ধৌত করিয়া রাখিবে এবং বিলোম মাতৃকা উচ্চারণ করিবে—

ক্ষং লং হং সং ষং,

শং বং লং রং যং,

মং ভং বং ফং পং,

নং ধং দং থং তং,

ণং ঢং ডং ঠং টং,

ঞং ঝং জং ছং চং,

ঙং ঘং গং খং কং,

অঃ অং ঔং ওং ঐং এং ৯ং

ঋৃং ঋং ঊং উং ঈং ইং আং অং।।

—তদন্তর মূলমন্ত্র তিনবার উচ্চারণ পূর্ব্বক তিনবার জল দ্বারা শঙ্খ পূর্ণ করিয়া "নমঃ" মন্ত্রে শঙ্খের অগ্রভাগে অর্ঘ্য সাজাইয়া নিম্ন ক্রমে পূজা করিবে।।

ত্রিপদিকায় পূজা— এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।।

শঙ্খে পূজা— এতে গন্ধপুষ্পে ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ।।

অর্ঘ্যপাত্রের জলে পূজা—এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ।।

অঙ্কুশমুদ্রায় অর্ঘ্যপাত্রস্থ জলে তীর্থাহ্বান করিবে—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

—তৎপরে "সাং, সীং, সূং, সৈং, সৌং, সঃ" দ্বারা অঙ্গন্যাস্-মন্ত্রে সকলীপরণ করিয়া সেই জলকে দেবতারূপ কল্পনা করিবে এবং মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন পূর্ব্বক মূলমন্ত্র ৮ বার জপ করিয়া, ধেনুমুদ্রায় অমৃতীকরণ করিবে।।

—উক্ত বিশেষার্ঘ্যের অল্প জল নিয়া অর্ধভাগ কুশীতে রক্ষণ করিবে এবং বাকি অর্ধভাগ জল, মূলমন্ত্রে নিজের মাথায় ও পূজিত দেবতা সহ পূজার দ্রব্যাদিতে ছিটাইয়া দিবে।।

পীঠপূজা—

পঞ্চমুদ্রায় আবাাহন—

ওঁ পীঠদেবতা ইহাগচ্ছত-ইহাগচ্ছত, ইহতিষ্টত-ইহতিষ্টত, ইহসন্নিধত্ত, ইহসন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত, মম পূজাং গৃহ্নিত।।

পীঠমধ্যে—

ওঁ আধারশক্তয়ে নমঃ। ওঁ প্রকৃত্যৈ নমঃ। ওঁ কুর্ম্মায় নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ। ওঁ শ্বেতদ্বীপায় নমঃ। ওঁ মণিমণ্ডপায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ মণিবেদিকায়ৈ নমঃ। ওঁ রত্নসিংহাসনায় নমঃ।।

অগ্নিকোণে—ওঁ ধর্ম্মায় নমঃ।

নৈঋৎকোণে—ওঁ জ্ঞানায় নমঃ।

বায়ুকোণে—ওঁ বৈরাগ্যায় নমঃ।

ঈশানকোণে—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ।

পূর্ব্বে—ওঁ অধর্ম্মায় নমঃ।

দক্ষিণে-ওঁ অজ্ঞানায় নমঃ।

পশ্চিমে—ওঁ অবৈরাগ্যায় নমঃ।

উত্তরে—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ।।

মধ্যে—

ওঁ অনন্তায় নমঃ। ওঁ পদ্মায় নমঃ।

অং অকর্মণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ।

উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ।

মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।

সং সত্ত্বায় নমঃ। রং রজসে নমঃ। তং তমসে নমঃ। আং আত্মনে নমঃ। অং অন্তরাত্মনে নমঃ। পং পরমাত্মনে নমঃ। হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

পূর্ব্বাদি অষ্টকেশরে—

ওঁ মেধায়ৈ নমঃ। ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ। ওঁ প্রভায়ৈ নমঃ। ওঁ বিদ্যায়ৈঃ নমঃ। ওঁ শ্রিয়ৈ নমঃ। ওঁ ধৃত্যৈ নমঃ। ওঁ স্মৃত্যৈ নমঃ। ওঁ বুদ্ধ্যৈ নমঃ।।

মধ্যে—ওঁ বিদ্যেশ্বর্য্যৈ নমঃ।

তদুপরি—ওঁ বর্ণকমলাসনায় নমঃ।।

সংক্ষিপ্ত পীঠপূজা—
এতে গন্ধপুষ্পে ওঁ পীঠদেবতাভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ পীঠশক্তিভ্যো নমঃ।।

পুনঃ সরস্বতীর ধ্যান—
(কূর্ম্মমুদ্রায় একটি চন্দনযুক্ত শ্বেত বা হরিদ্রা বর্ণের পুষ্প নিয়া ধ্যান করিবে।।)
ওঁ তরুণশকল-মিন্দোর্বিভ্রতী শুভ্রকান্তিঃ
কুচভরনমিতাঙ্গী-সন্নিষণ্নাসিতাব্জে।
নিজকর-কমলোদ্যল্লেখনী পুস্তকশ্রীঃ
সকলবিভব-সিদ্ধ্যৈ পাতু বাগ্দেবতা নঃ।।
(ধ্যানান্তে পুষ্পটি নিজ-মস্তকে স্পর্শ করাইয়া ঘটে সমর্পন করিবে।।)

পঞ্চমুদ্রায় আবাহন—
ওঁ ভূর্ভুবঃ স্বর্ভগবতি সরস্বতি ইহাগচ্ছ-ইহাগচ্ছ, ইহতিষ্ঠ-ইহতিষ্ঠ, ইহ-সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।।

চক্ষুর্দান—
(বিল্বপত্র বা কুশাগ্রে কজ্জল গ্রহন পূর্ব্বক দেবীর গায়ত্রী পাঠ করিয়া চক্ষুর্দান করিবে।।)
সরস্বতীগায়ত্রী—ওঁ বাগ্দেব্যৈ বিদ্মহে। কামরাজায় ধীমহি। তন্নো দেবি প্রচোদয়াৎ ওঁ।।

প্রাণপ্রতিষ্ঠা—

(আঙ্গুষ্ঠানামাযোগে দেবতার কপোল্ (গাল) স্পর্শ পূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র সমূহ পাঠ করিবে।।)
—ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌঃ হংসঃ শ্রীসরস্বত্যাঃ প্রাণা ইহ প্রাণাঃ।।
—ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীসরস্বত্যাঃ জীব ইহ স্থিতঃ।।
—ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীসরস্বত্যাঃ সর্ব্বেন্দ্রিয়াণি।।
—ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীসরস্বত্যাঃ বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণ প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।।

(তদন্তর দেবতার হৃদয় স্পর্শ পূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।।)
—ওঁ মনোজ্যোতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু, বিশ্বে দেবাস ইহ মাদয়ন্তামোঁ প্রতিষ্ঠ।।
ওঁ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা।।

দেবীর ষড়ঙ্গন্যাস—
সাং হৃদয়ায় নমঃ।। সীং শিরসে স্বাহা।।
সূং শিখায়ৈ বষট্।। সৈং কবচায় হুং।।
সৌং নেত্রাভ্যাং বৌষট্।।
সঃ করতল-পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।।

মূলপূজাঃ—
আসন—
(চতুর্দিকে চতুরাঙ্গুলি পরিমিত রজতাসন বা চন্দনযুক্ত পুষ্পাসন দেবীকে দিবে।।)
এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় বা পুষ্পাসনায় নমঃ।।
(পুষ্পদ্বারা তিনবার আসনকে পূজা করিবে।।)
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

(পুষ্পদ্বারা তিনবার দেবীকে পূজা করিবে।।)
ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরিঃ।।
(উক্ত মন্ত্রে সামান্যার্ঘ্যের জল দ্বারা আসনকে প্রোক্ষণ করিবে।।)
নিবেদন—ইদং রজতাসনং বা পুষ্পাসনং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

(সকল দ্রব্যাদি উক্তরূপ অর্চনান্তে নিবেদন করিবে**,** কেবল দ্রব্যাদির নাম পরিবর্তন হইবে।।**)**
স্বাগত—
(ছয়টি চন্দনযুক্ত শ্বেত বা হরিদ্রা বর্ণের পুষ্পহাতে নিম্নোক্ত মন্ত্রে স্বাগত জানাইবে দেবীকে।।)
—ওঁ যস্যা দর্শনমিচ্ছন্তি দেবাঃ স্বাভীষ্টসিদ্ধয়ে।
তস্যৈ তে পরমেশানি স্বাগতং স্বাগতঞ্চ মে।।
—ওঁ ঐং সরস্বতি দেবি স্বাগতং সুস্বাগতং তে।।
পাদ্য—
(নূতন ঘটিতে কর্পূর, অগুরু, শ্বেতচন্দন সুবাসিত শুদ্ধজল দ্বারা দেবীকে পাদ্যোদক দিবে।।)
নিবেদন—এতৎ পাদ্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
অর্ঘ্য—
(অক্ষত, দুর্ব্বা, সচন্দনপুষ্প, অগুরু, তুলসী পত্র ও কুশার-জল একত্রিত ভাবে দেবীকে অর্ঘ্য দিবে।।)
নিবেদন—এষোঽর্ঘ্য ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
আচমনীয়—
(শুদ্ধ পাত্রস্থিত জল কর্পূরাদি দ্বারা সুবাসিত করিয়া দেবতার উদ্দেশ্যে আচমনীয় নিবেদন করিবে।।)
নিবেদন—ইদমাচমনীয়োদকং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।
মধুপর্ক—

(অষ্টাঙ্গুলি পরিমিত কাংসপাত্রে (বাটি) ঘৃত,দধি,শর্করা, নারিকেলোদক সমপরিমান এবং মধু অধিক পরিমান দিবে, তাহাতে আচারাৎ কাঠালীকলা দিয়া নিবেদন করিবে)
নিবেদন—এষ মধুপর্কঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
পুনরাচমনীয়—
(শুদ্ধ পাত্রস্থিত জল কর্পূরাদি দ্বারা সুবাসিত করিয়া দেবতার উদ্দেশ্যে পুনঃ আচমনীয় নিবেদন করিবে।।)
নিবেদন—ইদং পুনরাচমনীয়োদকং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
গন্ধতৈল—
(ভালো মানের গন্ধ তৈল দেবীকে নিবেদন করিবে)
নিবেদন—ইদং গন্ধতৈলং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
স্নানীয়—
(একটি শুদ্ধপাত্রে বা কুশীতে চন্দন, কর্পূর, অগুরু প্রভৃতি মিশ্রিত জল নিয়ে তাহাতে সচন্দন পুষ্প ও তুলসীপত্র দিয়ে দেবীকে স্নানীয় নিবেদন করিবে।।)
নিবেদন—ইদং স্নানীয়োদকং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
আচমনীয়—(পূর্ব্ববৎ)
বস্ত্র—
(দেশীয় পট্ট বা সুতির রঙিন বস্ত্র দেবীকে পরিধান হেতু নিবেদন করিবে)
নিবেদন—ইদং বস্ত্রং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
আচমনীয়—(পূর্ব্ববৎ)

আভরণ (রজতাঙ্গুরীয়)—
নিবেদন—ইদং রজতাভরণং (রজতাঙ্গুরীয়) ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

উপভূষণ—
(কাজল, চুড়ি, দর্পণ, কঙ্কতিকা ইত্যাদি একত্রে দেবীকে নিবেদন করিবে।।)
নিবেদন—ইমাণি কজ্জলাদি উপভূষণানি ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
গন্ধ—

(বিল্বপত্র বা তুলসীপত্রে শ্বেতচন্দন নিয়ে দেবীকে নিবেদন করিবে।।)
নিবেদন—এষ-গন্ধঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

পুষ্প—
(পাঁচটি নানাবিধ সদ্য প্রস্ফুটিত হরিদ্রা বর্ণের নিখুঁত পুষ্পে চন্দন দিয়ে দেবীকে নিবেদন করিবে।।)
নিবেদন—ইদং পুষ্পং (অমুকপুষ্পম্) ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
পুষ্পমাল্য—
(নানা পুষ্প দ্বারা দেবীমূর্তির পরিমাপ অনুযায়ী মালা তৈরী করিয়া দেবীকে নিবেদন করিবে।।)
নিবেদন—ইদং বহুপুষ্পসমন্বিতমাল্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
ধূপ্-দীপ—
(গগ্গুল, ঘৃত, শর্করা, শ্বেতচন্দন কাষ্ঠ গুড়া, অগুরু কাষ্ঠ গুড়া, মধু একত্রে মিশ্রিত ষড়ঙ্গ-ধুপ, এবং ঘৃত দ্বারা একটি প্রজ্জ্বলিত প্রদীপ দেবীর উদ্দেশ্যে নিবেদন করিবে। মনে রাখিবে ধুপ দেবতার বামে এবং দীপ দক্ষিণে রাখিয়া, পূর্ব্ববৎ অর্চনান্তে নিবেদন করিবে।।)
—ধুপ-দীপ নিবেদনের সময় "এতে গন্ধপুষ্পে ওঁ জয়ধ্বনি মন্ত্রঃ মাতঃ স্বাহা" মন্ত্রে ঘন্টা পূজন করিয়া ঘন্টাবাদ্য সহকারে দেবতাকে ধুপ-দীপ নিবেদন করিবে।।
ধুপ নিবেদন বাক্য—এষ-ধুপঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
দীপ নিবেদন বাক্য—এষ-দীপঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

নৈবেদ্য —
(সাবুদানা) দিয়ে, তাহাতে ঘৃত, মধু, দুগ্ধ, শর্করা ইত্যাদি সমপরিমাণে সংযোগ করিয়া একটি পূর্ণ বিল্বাকৃতি নৈবেদ্য উক্তক্রমে অর্চনান্তে দেবীকে নিবেদন করিবে।।)
অর্চনান্তে—"ফট্" মন্ত্রে নৈবেদ্য প্রোক্ষণ (চিৎ হস্তে জলছিটা) ও চক্রমুদ্রায় অভিরক্ষণ করিয়া নৈবেদ্যোপরি "ঐং" মন্ত্র ৮ বার জপ করিবে এবং ধেনুমুদ্রায় অমৃতীকরণ করিবে।।

চিত্র : চক্রমুদ্রা ধেনুমুদ্রা

উৎসৃজেৎ বাক্য**—**
ইদং ঘৃতাক্তোপকরণ নৈবেদ্যং ওঁ ঐং সরস্বত্যৈ নিবেদয়ামি।।

খণ্ড ফলাদি এবং পূর্ণফলাদি**—**
—ইদং **(**খণ্ড**)** ফলমূলাদি নৈবেদ্যং ওঁ ঐং সরস্বত্যৈ নিবেদয়ামি।।

মিষ্টি দ্রব্যাদি**—**
নিবেদন**—**ইদং মিষ্টান্নদ্রব্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

—(এস্থলে মোদকের নাড়ু থাকিলে "মিষ্টান্নদ্রব্যং" পরিবর্তে "মোদক লাড্ডুকং" হইবে এবং চিড়া থাকিলে "চিপিটক্ নৈবেদ্যং" হইবে। এখানে মিষ্টান্নদ্রব্যং উল্লেখ করার কারণ হলো**,** শাস্ত্রানুযায়ী সর্ব্ব প্রকার খাদ্যকে অন্ন সম্মোধন করা যায়।।**)**
পানার্থোদক**—**
(শুদ্ধপাত্রে **(**গ্লাসে**)** কর্পূর মিশ্রিত শুদ্ধজল দেবীকে নিবেদন করিবে।।**)**
নিবেদন**—**ইদং পানার্থোদকং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

আচমনীয়**—(**পূর্ব্ববৎ**)**

তাম্বুল**—**
(পান ও কাটা সুপারি কর্পূর দিয়া সুবাসিত করিয়া দেবীকে নিবেদন করিবে।।**)**
নিবেদন**—**ইদং কর্পূরসুবাসিত**-**তাম্বুলং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

আচমনীয়**—(**পূর্ব্ববৎ**)**

সদুগ্ধআম্রমুকুল**—**

নিবেদন—ইদং ক্ষীরসিক্তং চ্যুতপুষ্পম্ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

কুল—
নিবেদন—ইদং বদরিফলং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

বন্দনা স্তুতি—
শ্বেতপদ্মাসনা দেবী শ্বেত পুষ্পোপশোভিতা।
শ্বেতাম্বরধরা নিত্যা শ্বেতগন্ধানুলেপনা।।
শ্বেতাক্ষসূত্রহস্তা চ শ্বেতচন্দনচর্চ্চিতা।
শ্বেতবীণাধরা শুভ্রা শ্বেতালঙ্কারভূষিতা
বন্দিতা সিদ্ধগন্ধর্ব্বৈর্চ্চিতা-দেবদানবৈঃ।
পূজিতা মুনিভিঃ সর্ব্বৈঋষিভিঃ স্তূয়তে সদা।।
স্তোত্রেণানেন তাং দেবীং জগদ্ধাত্রীং সরস্বতীম্।
যে স্মরতি ত্রিসন্ধ্যায়াং সর্ব্বাং বিদ্যাং লভন্তি তে।।

প্রণাম—
ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে।।
ওঁ ঐং শ্রীসরস্বত্যৈ নমঃ।।

আমান্ন **(**ভোজ্য**)** নিবেদন—
এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণামান্নায় নমঃ।।
(পুষ্পদ্বারা তিনবার ভোজ্যকে পূজা করিবে।।**)**
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
(পুষ্পদ্বারা তিনবার দেবীর পূজা করিবে।।**)**
ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরিঃ।।
(সামান্যার্ঘ্যের জল দ্বারা ভোজ্যকে প্রোক্ষণ করিবে।।**)**
নিবেদন বাক্য—ইদং সোপকরণামান্নং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

শ্রীলক্ষ্মীর পূজা—
(মূল ঘটে আবাহন করিয়া পূজা করিবে)

কূর্ম্মমুদ্রায় ধ্যান—
ওঁ পাশাক্ষমালিকাম্ভোজ-সৃণিভির্যাম্যসৌম্যয়োঃ।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরম্।
গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাং।
রৌক্নপদ্ম-ব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু।।
পঞ্চমুদ্রায় আবাহন—
ওঁ ভগবতি লক্ষ্মীদেবী ইহাগচ্ছ-ইহাগচ্ছ.........ইত্যাদি।।
পূজা—ইদমাসনং ওঁ শ্রীং লক্ষ্মৈ নমঃ..........ইত্যাদি ক্রমে।।

প্রণাম—
ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে।।

(২) শ্রীনারায়ণ পূজা—
(মূল ঘটে আবাহন করিয়া বা শালগ্রামে আবাহন ছাড়া পূজা করিবে।।)

কূর্ম্মমুদ্রায় ধ্যান—
ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তী-নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ুরবান্ মকর (কনক) কুণ্ডলবান্
কিরীটী, হারী হিরন্ময়বপুর্ধৃত-শঙ্খচক্রঃ।।
পঞ্চমুদ্রায় আবাহন—
ওঁ ভগবন্ নারায়ণ ইহাগচ্ছ-ইহাগচ্ছ.........ইত্যাদি।।
পূজা—ইদমাসনং ওঁ নমো নারায়ণায় নমঃ..........ইত্যাদি ক্রমে।।
প্রণাম—

ওঁ ব্রহ্মণ্য দেবায় গোব্রাহ্মণ হিতায় চ.........ইত্যাদি।।

যথোপচারে লেখনী, মস্যাধারাদির পূজা—
এতে গন্ধপুষ্পে ওঁ লেখন্যৈ নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ মস্যাধারায় নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ পুস্তকেভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ বাদ্যযন্ত্রায় নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ তাঁরযন্ত্রায় নমঃ।।

—তৎপরে দেবীর পঞ্চোপচারে পূজা করিবে।।
এষ গন্ধ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।
পুষ্পম্, ধূপঃ, দীপঃ, নৈবেদ্যং।।

পুষ্পাঞ্জলি মন্ত্র—
নমঃ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ।
বেদ-বেদাঙ্গ-বেদান্ত-বিদ্যাস্থানেভ্য এব চ।।
বন্দে ত্বাং পরমেশ্বরীম্ ভগবতীম্ বুদ্ধিপ্রদাম্ সারদাম্।।
এষ স্বচন্দন পুষ্প-বিল্বপত্রাঞ্জলী ঐং সরস্বত্যৈ বাগ্দেবতায়ৈ নমঃ।। (তিনবার)

করপুটে প্রার্থনা—
ওঁ যথা ন দেবো ভগবান্ ব্রহ্মা লোকপিতামহঃ। ত্বাং পরিত্যজ্য সংতিষ্ঠেৎ তথা ভব বরপ্রদা।।
ওঁ বেদাঃ শাস্ত্রাণি সর্ব্বাণি নৃত্যগীতাদিকঞ্চ যৎ। ন বিহীনং ত্বয়া দেবি তথা মে সন্তু সিদ্ধয়ঃ।।
লক্ষ্মীর্ম্মেধা ধরা-তুষ্টির্গৌরী পুষ্টিঃ প্রভা ধৃতিঃ। এতাভিঃ পাহি তনুভিরষ্টাভির্ম্মাং সরস্বতী।।
প্রণাম—
নমঃ সরস্বতি মহাভাগে বিদ্যে কমল লোচনে।

বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে ।।
ওঁ ঐং শ্রীসরস্বত্যৈ নমঃ।।

—(তৎপরে উপস্থিত দ্রব্যাদি অর্থাৎ অন্যদের দেওয়া শাড়ী, মিষ্টি-আদি দ্রব্য নিবেদন)

উদাহরণ স্বরূপ উৎসর্গবাক্য—
(পূর্ব্ববৎ "ওঁ অমুকদ্রব্যায় নমঃ" ইত্যাদি ক্রমে অর্চনান্তে উৎসর্গ করিবে।।)
বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকেমাসি, অমুকেপক্ষে, অমুকতিথৌ অমুকগোত্রস্য সপরিবারস্য শ্রীঅমুকশর্ম্মণঃ বা দাসস্য ভগবতি সরস্বতি প্রীতিকামঃ ইদং বস্ত্রং বৃহস্পতিদৈবতং (বিষ্ণুদৈবতং) ভগবত্যৈ শ্রীসরস্বত্যৈ তুভ্যমহং-দদে।।
দক্ষিণা—
বিষ্ণুঃ ওঁ অদ্যেত্যাদি বস্ত্রদান কর্ম্মণঃ প্রতিষ্ঠার্থমিদং কাঞ্চনমূল্যং বিষ্ণুদৈবতং ভগবত্যৈ শ্রীসরস্বত্যৈ দক্ষিণামহং দদে।।

অন্নব্যঞ্জনাদি ভোগ-নিবেদন—
এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণপক্কান্নব্যঞ্জনায় নমঃ।।
(পুষ্পদ্বারা তিনবার নৈবেদ্যকে পূজা করিবে।।)
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
(উক্তমন্ত্রে পুষ্পদ্বারা তিনবার দেবীকে পূজা করিবে।।)
ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরিঃ।।
(উক্তমন্ত্রে সামান্যার্ঘ্যের জল দ্বারা নৈবেদ্যকে প্রোক্ষন করিবে।।)
—তদন্তর "ফট্" মন্ত্রে প্রোক্ষণ ও চক্রমুদ্রায় অভিরক্ষণ করিয়া নৈবেদ্যোপরি "ঐং" মন্ত্র ৮/১০ বার জপ করিয়া, ধেনুমুদ্রায় অমৃতীকরণ করিবে।।

উৎসৃজেৎ বাক্য—

ইদং সোপকরণপক্কান্নব্যঞ্জনং সায়ুধায়ৈ সপরিবারায়ৈ ওঁ ঐং সরস্বত্যৈ নিবেদয়ামি।।

(সকল দ্রব্যাদি পূর্ব্ববৎ অর্চনান্তে দেবীকে নিবেদন করিবে।।)
পরমান্ন নিবেদন—
ইদং পরমান্নং সায়ুধায়ৈ সপরিবারায়ৈ ওঁ ঐং সরস্বত্যৈ নিবেদয়ামি।।
পানীয়জল নিবেদন—
ইদং পানার্থোদকং সায়ুধায়ৈ সপরিবারায়ৈ ওঁ ঐং সরস্বত্যৈ নিবেদয়ামি।।
আচমনীয় জল—
ইদং আচমনীয়োদকং সায়ুধায়ৈ সপরিবারায়ৈ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
তাম্বূল নিবেদন—
ইদং তাম্বুলং সায়ুধায়ৈ সপরিবারায়ৈ ওঁ ঐং সরস্বত্যৈ নিবেদয়ামি।।
আচমনীয় জল—পূর্ব্ববৎ

স্তুতি—
যা কুন্দেন্দু তুষারহারধবলা যা শ্বেতপদ্মাসনা,
যা বীণাবর-দণ্ড-মণ্ডিত-ভূজা যা শুভ্রবস্ত্রাবৃতা।
যা ব্রহ্মাচ্যুত-শঙ্কর-প্রভৃতিভির্দেবৈঃ সদা বন্দিতা,
সা মাং পাতু সরস্বতী ভগবতী নিঃশেষ জাড্যাপহা।।
যথা ন দেবো ভগবান ব্রহ্মা লোকপিতামহঃ
ত্বাং পরিত্যজ্য সন্তিষ্ঠেৎ তথা ভব বরপ্রদা।।
বেদাঃ শাস্ত্রাণি সর্ব্বাণি নৃত্য-গীতাদিকঞ্চ যৎ।
ন বিহীনং ত্বয়া দেবি তথা মে সন্তু সিদ্ধয়ঃ।।
লক্ষ্মীর্ম্মেধা ধারা পুষ্টিঃ গৌরী তুষ্টিঃ প্রভা ধৃতিঃ।
এতাভিঃ পাহি তনুভিরষ্টাভির্ম্মাং সরস্বতি।।
প্রনাম—
নমঃ জয় জয় দেবি চরাচরসারে, কুচযুগশোভিত মুক্তাহারে।
বীনারঞ্জিত পুস্তক হস্তে ভগবতি ভারতি দেবী নমঽস্তু তে।।
নমঃ সরস্বতি মহাভাগে বিদ্যে কমল লোচনে।

বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে ।।

তৎপশ্চাতে আরতি করিবে যথা—
পঞ্চপ্রদীপ, কর্পূর-দীপ, শঙ্খজল, বস্ত্র, আম্রপল্লব, প্রনাম।।
(আরতি করিবার নিয়ম—প্রথমতঃ ভূমিতে ত্রিকোন মণ্ডল অঙ্কন তদুপরি আরতির দ্রব্য স্থাপন পূর্ব্বক অর্চনান্তে আরতি করিবে।
—মনে রাখিবে, আরতি করিবার সময় নিজে দাঁড়াইয়া কটিদেশের নিম্নে বামহাতে ঘন্টা বাজাইতে বাজাইতে দেবতার পদতলে ৪ বার, নাভিতে ২ বার, মুখমণ্ডলে ১ বার এবং সর্বাঙ্গে ৭ বার প্রদর্শন করাইতে হয়।।)

।। তান্ত্রিক হোম স্থণ্ডিল।।

।।সংক্ষিপ্ত তান্ত্রিক হোম প্রয়োগ।।

—শুদ্ধস্থানে বালুকা দ্বারা হস্তপ্রমাণ স্থণ্ডিল নির্ম্মাণ করিয়া, দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জনী যোগে একগাছি কুশ ধারণ পূর্ব্বক তাহার মূল দিয়া স্থণ্ডিলের মধ্যভাগে, উপরের চিত্র অনুসরণ করিয়া সাধারণ যন্ত্র আঁকিবে। তৎপরে ঐ যন্ত্রের মধ্যস্থলে একটি অধোমুখ ত্রিকোণ আঁকিবে। ততঃ স্থণ্ডিলের বহির্দেশে তিনটি করিয়া প্রাদেশ প্রমাণ রেখাঙ্কন করিবে।।

স্থণ্ডিলের বহির্দেশে রেখাঙ্কন—

(১) পূর্ব্বাগ্র তিনটি রেখাঙ্কন করিবে।। (বায়ুকোণে)

(২) উত্তরাগ্র তিনটি রেখাঙ্কন করিবে।। (অগ্নি কোণে)

কুণ্ড বা স্থণ্ডিল বীক্ষণাদি সংস্কার—

"ঐং" মন্ত্রে স্থণ্ডিল বীক্ষণ করিবে।। (অবলোকন)

"ফট্" মন্ত্রে তিনটি কুশ দ্বারা স্থণ্ডিলে তাড়ন করিবে।।

(স্থণ্ডিলোপরি শূণ্যে কুশ সঞ্চালন করাকে তাড়ন বলে।।)

"ফট্" এবং "হুং" মন্ত্রে দুইবার স্থণ্ডিল অভ্যুক্ষণ (উপুর হস্তে জল-ছিটানো) করিবে।।

(ততঃ নিম্নোক্ত মন্ত্র সমূহে পূর্ব্বাগ্র রেখাত্রয়ে দক্ষিনাস্যে পূজা করিবে।।)

এতে গন্ধপুষ্পে ওঁ মুকুন্দায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ পুরন্দরায় নমঃ।।

(নিম্নোক্ত মন্ত্রে পুনঃ উত্তরাগ্র রেখাত্রয়ে পশ্চিমাস্যে পূজা করিবে।।)

এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ বৈবস্বতায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দবে নমঃ।।

—তদন্তর "ওঁ" প্রণব দ্বারা হোমের দ্রব্যাদি প্রোক্ষন (চিৎ-হস্তে জল-ছিটানো) করিয়া, স্থণ্ডিল মধ্যে "এষ সচন্দনপুষ্পাঞ্জলি ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিবে।।

গন্ধপুষ্পে বহ্নির্যোগপীঠের একত্রে পূজা—

এতে গন্ধপুষ্পে ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ রং বহ্ন্যাসনায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ সরস্বতি দেবতা স্থণ্ডিলায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং বাগীশ্বরায় নমঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং বাগীশ্বর্য্যৈ নমঃ।।
(পরে হোমের কাষ্ঠ সাজাইয়া পশ্চাতে পরবর্ত্তী কর্ম্ম সমূহ করিবে।।**)**

অগ্নি শোধন—
(বিধিবৎ কাংস্যপাত্রে শুদ্ধাগ্নি গ্রহন করিয়া নিম্নোক্ত কর্ম্ম সমূহ করিবে।।)
"ওঁ ঐং সরস্বত্যৈ বৌষট্" মন্ত্রে বীক্ষন (অবলোকন) করিয়া, "ফট্" মন্ত্রে কুশ দ্বারা তাড়ন করিবে।।
ততো "হুং" এবং "ফট্" মন্ত্রে দুইবার অভ্যুক্ষণ করিবে।।

ক্রব্যাদগ্নি ত্যাগ—
"রং" মন্ত্রে কিঞ্চিৎ অগ্নি হস্তে ধারণ পূর্ব্বক "ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ। হুং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা" মন্ত্রে নৈঋত কোণে পরিত্যাগ করিবে।।

ততো স্থণ্ডিলে অগ্নি-স্থাপন—
জানুদ্বয় ভূমিতে স্পর্শ করাইয়া "ওঁ" "রং" "হুং" উচ্চারণ করতঃ উভয়হস্তে অগ্নি উত্তোলন পূর্ব্বক, স্থণ্ডিলোপরি শূণ্যে দক্ষিণাবর্ত্তে তিনবার ঘুরাইয়া নিজের বিপরীত দিক্ দিয়ে স্থণ্ডিল মধ্যে স্থাপন করবে।।

অগ্নিতে পূজা—
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং বহ্নিমূর্তয়ে নমঃ।।

বহ্নির চৈতন্য সংযোজনে নিম্নোক্ত মন্ত্র পাঠ—
"ওঁ রং বহ্নিচৈতন্যায় নমঃ।।"
"ওঁ চিৎ-পিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্বজ্ঞা-জ্ঞাপয় স্বাহা।।"

কৃতাঞ্জলি পাঠ—
ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্। সুবর্ণ-বর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্।।

অগ্নির নামকরণ করবে—
ওঁ অগ্নে ত্বং ঐং সরস্বতি নামাসি।।

পঞ্চমুদ্রায় অগ্নির আবাহন—
ওঁ ঐং সরস্বত্যগ্নে ইহাগচ্ছ-ইহাগচ্ছ, ইহতিষ্ঠ-ইহতিষ্ঠ,
ইহ-সন্নিধেহি, ইহ-সন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।।

পুনঃ পঞ্চোপচারে অগ্নিতে পূজা—
**ওঁ বৈশ্বানর জাতবেদ ইহা-বহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা—এষ গন্ধঃ ওঁ ঐং শ্রীসরস্বত্যগ্নয়ে নমঃ।।

গন্ধপুষ্পে নিম্নোক্ত পূজা সকল করিবে—
এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নের্হিরণ্যাদি সপ্তজিহ্বাভ্যো নমঃ।।
ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ।।
ওঁ অগ্নির্ষড়ঙ্গেভ্যো নমঃ।।
ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্ট-মূর্তিভ্যো নমঃ।।
ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্ট-শক্তিভ্যো নমঃ।
ওঁ পদ্মাদ্যষ্ট-নিধিভ্যো নমঃ।
ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ।
ওঁ ধ্বজাদ্যস্ত্রেভ্যো নমঃ।

স্রুক-স্রব সংস্কার—
স্রুক ও স্রুব অধোমুখে অগ্নিতে তপ্ত করিয়া তাহার অগ্র, মধ্য ও মূলদেশে কুশ দ্বারা মার্জন করিবে এবং প্রোক্ষণ পূর্ব্বক পুনরায় তপ্ত করিয়া মার্জিত কুশ অগ্নিতে নিক্ষেপ করিবে।।
ততো নিজের দক্ষিণে কুশোপরি ঐ স্রুক ও স্রুব স্থাপন করবে।।

ঘৃত-সংস্কার—

"ফট্" মন্ত্রে আজ্যস্থালী প্রোক্ষণ করিয়া কুশোপরি স্থাপন পূর্ব্বক তাহাতে আজ্য (গলা-ঘৃত) লইবে।।
তৎপরে "ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ" মন্ত্রে ঘৃতকে নিরীক্ষণ করিয়া "ফট্" মন্ত্রে কুশ দ্বারা তাড়ন পূর্ব্বক "হুং" "ফট্" মন্ত্রদ্বয়ে পুনঃ প্রোক্ষণ করবে।।
অনন্তর প্রাদেশ প্রমাণ সাগ্রকুশদ্বয় ঘৃতোপরি রাখিয়া, ঘৃতকে তিনভাগ করিয়া হোম করবে।।

হোম—
(১) আজ্যস্থালীর উত্তরভাগ হইতে ঘৃত লহিয়া অগ্নির দক্ষিণনেত্রে (অগ্নির উত্তরভাগে) হোম করিবে।।
আহুতি মন্ত্র—ওঁ অগ্নয়ে স্বাহা।।
(২) তৎপরে দক্ষিণভাগ হইতে ঘৃত লইয়া অগ্নির বামনেত্রে (অগ্নির দক্ষিণভাগে) হোম করিবে।।
আহুতি মন্ত্র—ওঁ সোমায় স্বাহা।।
(৩) এবার মধ্যভাগ হইতে ঘৃত লইয়া অগ্নির ললাটনেত্রে (অগ্নির পূর্ব্বভাগে) হোম করিবে।।
আহুতি মন্ত্র—ওঁ অগ্নীষোমাভ্যাং স্বাহা।।
(৪)" নমঃ" মন্ত্রে পুনরায় উত্তরভাগ হইতে ঘৃত লইয়া অগ্নির মুখে (অগ্নির পশ্চিমভাগে) হোম করিবে।।
আহুতি মন্ত্র—ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা।।

ঘৃত দ্বারা মহাব্যাহৃতি হোম—
(১) আহুতি—ওঁ ভূঃ স্বাহা।
(২) আহুতি—ওঁ ভুবঃ স্বাহা।
(৩) আহুতি—ওঁ স্বঃ স্বাহা।
(৪) আহুতি—ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।

নিম্ন-মন্ত্রে তিনবার ঘৃতদ্বারা হোম—

ওঁ বৈশ্বানর জাতবেদ ইহা-বহ লোহিতাক্ষ সর্বকর্মাণি সাধয় স্বাহা।।

অগ্নিতে গন্ধপুষ্পে পুনঃ পূজা—
এতে গন্ধপুষ্পে ওঁ পীঠদেবতাভ্যো নমঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

—অতঃপর অগ্নিকে দেবীস্বরূপ কল্পনা করিয়া "ওঁ ঐং সরস্বত্যৈ স্বাহা" মন্ত্রে ২৫ বার আহুতি দিবে এবং পরে নিজের সহিত অগ্নি ও দেবতার ঐক্য চিন্তা করিয়া "ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ" মন্ত্রে আরও ১১ বার আহুতি দিবে।।

(১) অঙ্গদেবতার হোম—ওঁ ঐং সরস্বত্যাঙ্গদেবতাভ্যঃ স্বাহা।।
(২) আবরণদেবতার হোম—ওঁ ঐং সরস্বত্যাবরণদেবতাভ্যঃ স্বাহা।।

সঙ্কল্প—
(তাম্রপাত্রে (কুশীতে) মূল ও অগ্রভাগের সহিত তিনটি কুশ, গন্ধ-পুষ্প, তিল, হরিতকী ও শোধিত-জল নিয়ে বীরাসনে (দক্ষিণ জানু পেতে) পূর্বমুখী বসবে। বাম করতলে কুশী স্থাপন করে দক্ষিণ করতল দ্বারা আচ্ছাদনপূর্বক নিম্নোক্ত বাক্য পাঠ করিবে।।)

—বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকেমাসি, অমুকেপক্ষে, অমুকতিথৌ, অমুকগোত্রস্য সপরিবারস্য শ্রীঅমুক শর্ম্মণঃ/দাসস্য শ্রীসরস্বতি প্রীতি পূর্ব্বক প্রভূত-বিদ্যালাভকামঃ গুর্বাদি-নানা-দেবতা পূজা পূর্ব্বকং লেখনীমস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজাঙ্গভূত "ওঁ ঐং সরস্বত্যৈ স্বাহেতি" মন্ত্রেন অষ্টাবিংশতিসংখক সাজ্য বিল্বপত্রসমিদ্ভিঃ সরস্বতিদেবতা হোমমহং করিষ্যে।।

—(সমিধর অভাবে "অষ্টাবিংশতিসংখকাজ্য হোমমহং ইত্যাদি")
(সার্ব্বজনীন পূজাস্থলে বিধির প্রথম পর্বে পূর্ব্বোল্লেখিত বাক্য সংযোজন করিয়া সার্ব্বজনীন সংকল্প করিবে।।)

—সংকল্পপাত্র ঈশান কোণে উপুড় করিয়া স্থাপন পূর্ব্বক ঘন্টাধ্বনি সহকারে মৃগমুদ্রায় অক্ষত নিয়া সংকল্পসূক্ত পাঠ করিবে।।

চিত্র : মৃগমুদ্রা

তান্ত্রিক সংকল্পসূক্ত—

হ্রীং ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মাং কৃণোতি সতাং সিঞ্চধ্বং প্রহিতা-মমরোভিঃ স্বর্গমাদধৎ কৃষ্ণায়ুর্দেব ওহতে।।

ঘৃত দ্বারা পুনঃ মহাব্যাহৃতি হোম—

(১) আহুতি—ওঁ ভূঃ স্বাহা।

(২) আহুতি—ওঁ ভুবঃ স্বাহা।

(৩) আহুতি—ওঁ স্বঃ স্বাহা।

(৪) আহুতি—ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।

—ততো "নমঃ" মন্ত্রে একটি প্রাদেশ প্রমাণ কুশ অগ্নিতে নিক্ষেপ করিবে।।

হোম দ্রব্যাদি অর্চনা—

—(সমিধের অভাবে শুধু ঘৃতদ্বারা হোম করিলে নিম্নোক্ত বাক্যের ওঁ অষ্টাবিংশতিসংখক সাজ্য বিল্বপত্রসমিদ্ভ্যো এই স্থলে " ওঁ আজ্যায় নমঃ" উল্লেখ করিবে।।)

—এতে গন্ধপুষ্পে ওঁ অষ্টাবিংশতিসংখক সাজ্য বিল্বপত্রসমিদ্ভ্যো নমঃ।।

(গন্ধপুষ্প দ্বারা তিনবার সমিধ সমূহকে পূজা করিবে।।)

এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীসরস্বত্যৈ নমঃ।।

(পুষ্পদ্বারা তিনবার দেবীর পূজা করিবে।।)

ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরিঃ।।

(সামান্যার্ঘ্যের জল দ্বারা সমিধ সমূহকে প্রোক্ষণ করিবে।।)

মূল হোম—

(সাজ্য বিল্বপত্র সমূহ এক একটি করিয়া দিয়ে চিৎ হস্তে উত্তরাগ্রে হোম করিবে।।)

মন্ত্র—"ওঁ ঐং সরস্বত্যৈ স্বাহা।।"

পূর্ণাহুতি—

আজ্যস্থালীর হোমাবশেষ ঘৃত পাত্রান্তর করিয়া রাখিবে এবং বাম হস্তে স্রুবাজ্যস্থালী ধারণ পূর্ব্বক ফল ও পুষ্পকে ঘৃত সিক্ত করিয়া দক্ষিণ হস্তে পূর্ণাহুতি দিবে।।

মন্ত্রযথা—"ওঁ ঐং সরস্বত্যৈ স্বাহা।।"

অগ্নিবিসর্জন—

সংহারমুদ্রা

—সংহারমুদ্রায় দেবতাকে অগ্নি হইতে নিজ হৃদয়ে আনিয়া নিম্নোক্ত মন্ত্রে অগ্নিকে বিসর্জন করিবে।।

মন্ত্র যথা—'ওঁ ঐং সরস্বতি নামাসি অগ্নয়ে ক্ষমস্ব'।।

পরে নিম্ন-মন্ত্রে অগ্নিকে দক্ষিণদিকে চালিত করিবে—

মন্ত্র—'ওঁ অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ'।।

—ততো নিম্ন-মন্ত্রে অগ্নির ঈশান কোণে দধি বা দুগ্ধ (তদভাবে জল) নিক্ষেপ করে অগ্নি নির্বাপিত করিবে।।

মন্ত্র—'ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব'।।

[তদনন্তর স্রুক্ বা স্রুব দ্বারা স্থণ্ডিলের ঈশানকোণ হইতে ভষ্ম গ্রহণ পূর্ব্বক পূর্ব্বে রক্ষিত হোমাবশেষ ঘৃতে মিশ্রিত করিয়া তিলক প্রস্তুত করিবে এবং অগ্রভাগ পূজিত

দেবতাকে দান করিয়া নিজে তিলক ধারন করিবে এবং পরে যজমানকে তিলক ধারন করাইবে।]
মন্ত্র—"হ্রীং ক্লীং সর্বশান্তিকরো ভব।।"

[বৈদিক ত্রায়ুষ মন্ত্রযথা—
ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং— (ললাটে)
ওঁ জমদগ্নেস্ত্রায়ুষং—(কণ্ঠে)
ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং—(বাহুমূলে)
ওঁ তন্মে-অস্তু ত্র্যায়ুষং—-(হৃদয়ে)]

প্রাণায়াম্—
(অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসারন্ধ্র টিপিয়া প্রণব বা মূল মন্ত্র ৪ বার জপের মাধ্যমে বাম-নাসারন্ধ্রে শ্বাস গ্রহণ করিবে ও ১৬ বার জপের মাধ্যমে অঙ্গুষ্ঠ-তর্জ্জনী দ্বারা উভয় নাসারন্ধ্র টিপিয়া কুম্ভক করিবে, তৎপরে তর্জ্জনী দ্বারা বাম নাসারন্ধ্র টিপিয়া ৮ বার জপের দ্বারা দক্ষিণ নাসারন্ধ্রে শ্বাস ত্যাগ করিবে—দ্বিতীয়বার বাম নাসারন্ধ্র হইতে আরম্ভ করিবে এবং তৃতীয়বার প্রথম বারের মতোই করিলে প্রাণায়াম হইয়া থাকে।।)—৪/১৬/৮

(তদন্তর নিম্নোক্ত মন্ত্রজপ এবং জপ বিসর্জন)
জপমন্ত্র—
ওঁ বদ্ বদ্ বাগ্বাদিনি স্বাহা।
জপসমর্পণ মন্ত্র—
ওঁ গুহ্যাতিগুহ্য-গোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ-কৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি।।

দেবতার দক্ষিণা—
—এতে গন্ধপুষ্পে ওঁ (কাঞ্চনায়) কাঞ্চনমূল্যায় নমঃ।।
(উক্তমন্ত্রে দক্ষিণাকে তিনবার গন্ধপুষ্পে পূজা করিবে।।)

—এতে গন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।
(উক্তমন্ত্রে দেবতাকে তিনবার গন্ধপুষ্পে পূজা করিবে।।)
—ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরিঃ।। (দক্ষিণাকে প্রোক্ষণ করিবে)
উৎসর্গ বাক্য—
বিষ্ণুঃ ওঁ অদ্যেত্যাদি গণপত্যাদি-নানাদেবতা পূজা পূর্ব্বক লেখনী মস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজন কর্মণঃ প্রতিষ্ঠার্থমিদং কাঞ্চনমূল্যং বিষ্ণুদৈবতং ভগবত্যৈ শ্রীসরস্বত্যৈ দক্ষিণামহং দদে।।

আত্মসমর্পণ—
(বিশেষার্ঘ্য গ্রহণ পূর্ব্বক)
ওঁ ইতঃ পূর্বং প্রাণবুদ্ধি-দেহধর্ম্মাধি-কারতো জাগ্রৎ স্বপ্নসুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎস্মৃতং যদুক্তং যৎকৃতং তৎসর্ব্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা।। মাং মদীয়ং সকলং বাগ্দেবতায়াঃ সমর্প্যামি।। (বিশেষার্ঘ্যোদক সমর্পন করিবে)

।।বিসর্জন কৃত্য।।

প্রথমতঃ দেবতার শরীরে আবরণ-দেবতাগণ বিলীন হইয়াছেন এইরূপ চিন্তা করিয়া "ওঁ সরস্বতি ক্ষমস্ব" এই মন্ত্রে ঘটে জল দিয়ে বিসর্জ্জন করিবে।।
তদন্তর সংহারমুদ্রাযোগে নির্ম্মাল্য গ্রহণ পূর্ব্বক সুষুম্নাপথে সেই পুষ্পের ঘ্রাণ নিয়া দেবতার তেজ নিজ হৃদয়পদ্মে আনয়ন করিবে।।

তৎপরে ঈশানকোণে ত্রিকোণমণ্ডল করতঃ তদুপরি নির্ম্মাল্যশেষ প্রদান করিবে।।

পরে "এতে গন্ধপুষ্পে ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ" বলিয়া পূজা করিবে।।
এবং যে ঘটে দেবতার পূজা হইয়াছে, সেই ঘট এবং প্রতিমা চালনা করিয়া নিম্নোক্ত মন্ত্রদ্বয় পাঠ করিবে।।
ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্বতবাসিনী।

ব্রহ্মযোনি-সমুৎপন্নে গচ্ছ দেবি যথাসুখম্।।

—ওঁ গচ্ছ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং পরমেশ্বরি।
পূজাধারণকালে চ পুনরাগমনায় চ।।

—সর্ব্বশেষে সাষ্টাঙ্গে প্রণাম করবে।।

মূল দক্ষিণা—
—এতে গন্ধপুষ্পে ওঁ কাঞ্চনমূল্যায় নমঃ।।
(উক্তমন্ত্রে দক্ষিণাকে তিনবার গন্ধপুষ্পে পূজা করিবে।।)
—এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণায় নমঃ।।
(উক্তমন্ত্রে দেবতাকে তিনবার গন্ধপুষ্পে পূজা করিবে।।)
—ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু বিষ্ণুঃ ওঁ হরিঃ।।
(উক্ত মন্ত্রে দক্ষিণাকে প্রোক্ষণ করিবে)
উৎসর্গ বাক্য—
বিষ্ণুঃ ওঁ অদ্যেত্যাদি গণপত্যাদি-নানাদেবতা পূজা পূর্ব্বক লেখনী মস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজন কর্মণঃ প্রতিষ্ঠার্থমিদং কাঞ্চনমূল্যং বিষ্ণুদৈবতং যথানাম গোত্রায় ব্রাহ্মণায় দক্ষিণামহং দদে।।

অচ্ছিদ্রাবধারণ—
বিষ্ণুঃ ওঁ অদ্যেত্যাদি কৃতৈতৎ গণপত্যাদি-নানাদেবতা পূজা পূর্ব্বক লেখনী মস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজন কর্ম্মাচ্ছিদ্রম্ অস্তু।।

বৈগুণ্য-সমাধান—
(কোশার জল দক্ষিণ হস্তে কুশসহিত ধরিয়া,তদুপরি বামহস্ত স্থাপন করত বলিবে।।)
—ওঁ অদ্যেত্যাদি গণপত্যাদিনানাদেবতা পূজা পূর্ব্বক লেখনী মস্যাধার সহিত ভগবতি শ্রীসরস্বতি পূজনকর্ম্মণি যদ্ -বৈগুণ্যং জাতং তদ্দোষ-প্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।।

(সংকল্পকৃত হইয়া নিম্নোক্ত মন্ত্র সমূহে বিষ্ণুস্মরণ করিবে।।)
—ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।। "ওঁ বিষ্ণুঃ" দশধা জপ করিবে।।

প্রার্থনা করজোড়ে—
ওঁ বিধিহীনং ক্রিয়াহীনং মন্ত্রহীনং যদর্চিতং
ময়া নিবেদিতং ভক্ত্যা পরিপূর্ণং তদস্তু মে।
কর্ম্মণা মনসা বাচা ত্বত্তো নান্যো গতির্মম
অন্তশ্চারেণ ভূতানাং দ্রষ্টা ত্বং পরমেশ্বরি।।

সরস্বতীর প্রনাম মন্ত্র—
ওঁ জয় জয় দেবি চরাচরসারে, কুচযুগশোভিত মুক্তাহারে।
বীনারঞ্জিত পুস্তক হস্তে, ভগবতি ভারতী দেবি নমোঽস্তু তে।।
ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে।।
ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

(ততো নিম্নোক্ত মন্ত্রান্তে এক গণ্ডুষ জল ভূমিতে ফেলিবে।।)
ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্ব-যজ্ঞেশ্বরো হরিঃ।
তস্মিন্ তুষ্টে জগৎ-তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ।।
ওঁ এতৎ কর্ম্ম শ্রীকৃষ্ণায়ার্পণমস্তু।।

করজোড়ে পাঠ—
—ওঁ অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্-বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ।।
ওঁ যদ্-সাঙ্গং কৃতং কর্ম্মং জানতা-বাপ্য-জানতা।
সাঙ্গম্ ভবতু তৎসর্ব্বং হরেরনামানু-কীর্ত্তনাৎ।।
ওঁ শ্রীহরিঃ,ওঁ শ্রীহরিঃ,ওঁ শ্রীহরিঃ।।

নারায়ণের প্রনাম—
ওঁ ব্রহ্মণ্য দেবায়..........ইত্যাদি।।

আম্রমুকুলাদি প্রসাদ গ্রহন মন্ত্র—
ওঁ (নমঃ) চ্যুতপুষ্পং বসন্তাদৌ ভক্ষয়ামি সচন্দনম্। রোগশোক-বিনাশায় সুখ-সম্পত্তি হেতবে।।

।।শান্তিবারি।।

[যজমান সবান্ধবে পূর্ব্বমুখে এবং পুরোহিত পশ্চিমমুখ হইয়া পল্লবাদি দ্বারা ঘটের জল সকলের মস্তকে প্রোক্ষণ করতঃ পাঠ করিবে।।]
তান্ত্রিক শান্তি মন্ত্র—
ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাঃ।
বাসুদেবো জগন্নাথ-স্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ।।
প্রদ্যুম্নশ্চা-নিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে।
ওঁ আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতস্তথা।
বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ।
ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্পালাঃ পান্তু তে সদা।।
ওঁ কীর্ত্তিলক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমামতিঃ।
বুদ্ধির্লজ্জা বপুঃ কান্তিঃ শান্তিস্তুষ্টিশ্চ মাতরঃ।
এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সুসংযুতাঃ।।
ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধ-জীব-সিতার্কজাঃ।
গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ।।
ওঁ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ।
দেবপত্ন্যো ধরা নাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ।
ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।

সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ।
দেব-দানব-গন্ধর্ব্বা যক্ষ-রাক্ষস-পন্নগাঃ।
এতে-ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্ম কামার্থ-সিদ্ধয়ে।।

যজুর্ব্বেদীয় শান্তি মন্ত্র—
ওঁ ঋচং বাচং প্রপদ্যে মনো যজুঃ প্রপদ্যে সাম প্রাণং প্রপদ্যে চক্ষুঃশ্রোত্রং প্রপদ্যে বাগোজঃ সহোজো ময়ি প্রাণাপানৌ।
ওঁ যন্মে ছিদ্রং চক্ষুষোর্হৃদয়স্য মনসো বাতিতৃণং বৃহস্পতির্মেতদ্দধাতু। শন্নো ভবতু ভুবনস্য যস্পতিঃ।।
ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতিদধাতু।।
ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।।

পরিশিষ্টঃ—
বরণ—যজমান পূর্ব্বমুখী এবং ব্রাহ্মণ উত্তর-
মুখী বসিয়া হাতযোড় করিয়া যজমান বলিবে
—"ওঁ সাধু ভবানাস্তাম্"।
ব্রাহ্মণ বলিবেন—"ওঁ সাধ্বহমাসে"।
যজমান—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্" ।
ব্রাহ্মণ—"ওঁ অর্চয়।।
(গন্ধ, পুষ্প, ধূপ,দীপ,তাম্বুল, (বরণাঙ্গুরীয়ক) যজ্ঞপবীত সহ বস্ত্রাদী দান করিবে এবং বাক্য বলিবে)

বাক্য যথা—এতানী গন্ধ, পুষ্প, ধুপঃ, দীপঃ, তাম্বুলাদি যজ্ঞোপবীত সহিত বস্ত্রায় নমঃ ।। (তিনবার প্রোক্ষণ)

ব্রাহ্মণকে দ্রব্যাদি উৎসর্গ বাক্য—

এতানী গন্ধ, পুষ্প, ধুপঃ, দীপঃ, তাম্বুলাদি যোজ্ঞোপবীত সহিত বস্ত্রং ওঁ ব্রাহ্মনায় নমঃ ।।

তৎপরে যজমান পুষ্প সহিতে আতপতণ্ডুল দক্ষিণ হস্তে ধারণ করিয়া ব্রাহ্মণের দক্ষিণ জানুর উপরে স্পর্শ পূর্ব্বক পাঠ করিবে—

বিষ্ণুঃ ওঁ অদ্যেত্যাদি সংকল্পিত গুরুবাদি নানা দেবতাঃ পূজা পূর্ব্বক লেখনী মস্যাধার সহিত শ্রীসরস্বতি পূজন কর্ম্ম করণায় অমুকগোত্রং শ্রীঅমুকশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যচ্ছ ভবন্তম্ অহং বৃণে ।।

ব্রাহ্মণ বলিবেন—“ওঁ বৃতোঽস্মি।”

যজমান বলিবেন—“ওঁ যথাবিহিতং কর্ম্মকুরু।”

ব্রাহ্মণ বলিবেন—“ওঁ যথাজ্ঞানং কর্ম্ম করবাণী।”

ফর্দঃ—

ঘটকাই প্রস্ত ১, স্বশিষ ডাব ১, সরস্বতীর শাড়ী ১, লক্ষ্মী শাড়ী ১, বিষ্ণুর ধুতি ১, পুরোহিত বরণ ধুতি ১, পৈতা ২, গামছা ৩, কুশাসন ১, পিতলের থালা - গ্লাস প্রস্ত ৩,

পিতলের ছোটো ঘটি ৩, মধুপর্কের কাঁসার বাটী ৩, অগুরু ৩, অসনঙ্গুরীয়ক ৩, লক্ষ্মীর শাঁখা জোড়া ১, সিন্দুর পেঃ ২, আলতা ২, আয়না-চিরুনী প্রস্ত ৩, নুতন জলশঙ্খ ত্রিপদী প্রস্ত ১, কর্পূর ৫, গন্ধতেল ১, মিষ্টি প্রস্ত ১, মধু শিশি ৩০০ গ্রাঃ, পাঁচফল প্রস্ত ১, ঘৃত, সোনা ১খণ্ড বা পঞ্চরত্ন, পঞ্চশস্য, পঞ্চগুড়ি বা আবির, লেখনীমস্যাধার, চেনা,গোবর, দুধ, দৈ, খৈ, ধান, কুল, আম্রমুকুল, তিল, হরিতকি, পান সুপারী, পঞ্চপল্লব, দুর্ব্বা, ফুলের মালা, তুলসীপাতা, বেলপাতা, ফুল, শ্বেতচন্দন

বাটা, রক্তচন্দন বাটা, শফড়িকলা, সিপকোশা, তাম্রকুণ্ড, পুষ্পপাত্র, ধূপ-দীপ, আতপ চাল, মাসকলাই, লালশস্য , হোমের নারিকেল ১, বিল্বকাষ্ঠ বা আম্রকাষ্ঠ, যবধান, বালি, ভোজ্য ১,

নৈবেদ্যাদি—

গুরুর নৈবেদ্য ১, গণেশের নৈবেদ্য ১, পঞ্চদেবতার নৈবেদ্য ১, সরস্বতীর নৈবেদ্য ১, বিষ্ণুর নৈবেদ্য ১, লক্ষ্মীর নৈবেদ্য ১, লেখনী নৈবেদ্য ১, মস্যাধারের নৈবেদ্য ১, অন্যান্য নৈবেদ্যাদি ইত্যাদি এবং পুরোহিত দক্ষিণা।।

।।সংক্ষিপ্ত সরস্বতীপূজা প্রয়োগ বিধি সমাপ্ত।।